

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২২ আগস্ট ২০১৬/ ০৭ ভাদ্র ১৪২৩

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৬-১২১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির গত ০৩/০৮/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ মোতাবেক বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিবার নিমিত্ত নিম্নরূপ একটি কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

- | | | |
|--|---|----------|
| (১) মাননীয় মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| (২) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | - | সদস্য |
| (৩) সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | - | সদস্য |
| (৪) চেয়ারম্যান, পেট্রোবাংলা | - | সদস্য |
| (৫) মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট | - | সদস্য |

(খ) কমিটির কার্যপরিধি :

বাংলাদেশের সমুদ্র এলাকায় তেল-গ্যাস অনুসন্ধান/উত্তোলন ও উৎপাদনের নিমিত্ত সমুদ্র এলাকার ভূ-গঠন এবং তেল-গ্যাস প্রাপ্তির সম্ভাবনা সম্পর্কে ধারণা লাভের লক্ষ্যে Non-Exclusive Survey/Multi-Client Seismic Survey পরিচালনার জন্য পেট্রোবাংলা কর্তৃক আহ্বানকৃত আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র মূল্যায়নের যথার্থতা যাচাই করিয়া কমিটি যত দ্রুত সম্ভব প্রতিবেদন দাখিল করিবে।

- (গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।
(ঘ) এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০ (দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

